146

দৈনিক ইত্তেফাক

তারিখ 10 JUN 1994
পৃষ্ঠা ১ কলাম ৪

# বিশ্ববিদ্যালয় সিনেট অধিবেশনে ওয়াক-আউট

ইত্তেফাক রিপোর্ট ।। গতকাল (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বার্ষিক অধিবেশনের দ্বিতীয় দিনে আলোচ্য সূচীর ক্রমধারা পরিবর্তনের প্রতিবাদে একদল সিনেট সদস্য অধিবেশন হইতে ওয়াক আউট করেন। উদ্ভূত পরিস্থিতিতে সিনেটের অধিবেশন মুলতবী ঘোষণা করা হয়। আজ সকাল ১০টায় অধিবেশন পুনরায় শুরু হইবে।

গতকাল বিকাল ৫টায় সিনেটের দ্বিতীয় দিনের অধিবেশন শুরু হয়। 'জনকণ্ঠ'সহ বিভিন্ন

(১১শ পৃঃ ৮-এর কঃ দ্রঃ

## বিশ্ববিদ্যালয় সিনেট

(১ম পৃঃ পর)

পত্রিকার উপর হামলার ঘটনা এবং জনকণ্ঠের সাংবাদিককে গ্রেফতারের ব্যাপারে উত্থাপিত নিন্দা প্রস্তাব আলোচিত হয় প্রায় ৩০ মিনিট। শেষে শুধুমাত্র পত্রিকা সমূহে হামলার ঘটনায় নিন্দা প্রস্তাব গৃহীত হয়। ইহার পর সংসদ ভবনে জাতীয় পতাকা সরানোর ঘটনা এবং গতকাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কামরুল আহসান চৌধুরীর অফিস কক্ষ ভাঙচুরের ঘটনায় নিন্দা প্রস্তাব গৃহীত হয়। সন্ধ্যার নামাজের বিরতির পর সিণ্ডিকেটে ৪ জন সদস্য মনোনয়নের জন্য নির্বাচন করার প্রস্তাব তোলা হইলে একদল সদস্য এই প্রস্তাবের বিরোধিতা করেন। তাহারা আলোচ্য সূচীর ক্রমধারা অনুযায়ী অধিবেশন চালাইয়া যাওয়ার আহ্বান জানান। এক পর্যায়ে এই প্রস্তাবের পক্ষে-বিপক্ষে ভোট আহ্বান করা হইলে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মোঃ শাহাদত আলী, সাধারণ সম্পাদক আরেফীন সিদ্দিক, প্রফেসর এ,কে আজাদ চৌধুরী, প্রফেসর আবদুল মান্নান চৌধুরী, মুনতাসির মামুনের নেতৃত্বে একদল শিক্ষক অধিবেশন হইতে ওয়াক আউট করেন। উদ্ভূত পরিস্থিতিতে ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমেদ অধিবেশন ১০ মিনিটের জন্য বিরতি দেন। পরবর্তীতে প্রায় ২২ মিনিট পর অধিবেশন শুরু হয়। ওয়াক আউট করা শিক্ষকবৃন্দ আর অধিবেশনে যোগ দেন নাই। গতকাল অধিবেশন মুলতবী করার পূর্বে ভিসি বলেন, সিণ্ডিকেটে ৪জন সদস্য মনোনয়নের নির্বাচন চলতি অধিবেশনে হইবে না। ইহা স্থগিত রাখা হইল।